



বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY



ঈদ-উল ফিতরের শুভেচ্ছাপত্র

মাসব্যাপী কঠিন সিয়াম সাধনার পর ঈদ উৎসব যেন শুষ্ক মরণর বুককে বৃষ্টিধারার মতোই এক শান্তিদায়ী উৎসব হিসাবে আমাদের কাছে আবির্ভূত হয়। আত্মশুদ্ধির মাধ্যমে মহান আল্লাহর ক্ষমা ও অনুগ্রহ লাভের আশায় ধর্মপ্রাণ মুসলমানরা মাসব্যাপী সিয়াম সাধনার পর ঈদের আনন্দে অংশগ্রহণ করেন। যথাযথ উৎসাহ, আনন্দ ও উদ্দীপনার মধ্য দিয়ে সারাদেশে মুসলমানরা তাঁদের বৃহত্তম ধর্মীয় উৎসব ঈদ-উল ফিতর উদ্‌যাপন করবেন। সাথে সাথে উপলব্ধি করবেন সিয়াম সাধনার অন্তর্নিহিত তাৎপর্য। ঈদ শান্তি, সহমর্মিতা ও ভ্রাতৃত্ববোধের অনুপম শিক্ষা দেয়। হিংসা-বিদ্বেষ ও হানাহানি ভুলে মানুষ সাম্য, মৈত্রী ও সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হয়। ঈদ ধনী-গরিব নির্বিশেষে সকলের জীবনে আনন্দের বার্তা বয়ে নিয়ে আসে। ঈদের আনন্দ আমাদের সবার।

বিশ্ব ভরে উঠুক শান্তি আর সৌহার্দ্যে পবিত্র ঈদ-উল ফিতরে এটাই আমাদের প্রত্যাশা। মাহে রমজান আমাদের জীবনে শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতার যে শিক্ষা দেয় তা কর্মজীবনে প্রয়োগ করতে সক্ষম হলে আমরা নিজ কর্ম ও সফলভাবে সম্পাদন করতে পারবো।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাঙলা গড়তে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০৪১ বাস্তবায়ন আমাদের সকলের পবিত্র দায়িত্ব এবং মাহে রমজানের ত্যাগের শিক্ষা নিয়ে সামনে এগিয়ে যেতে হবে। চতুর্থ শিল্প বিপ্লব ও এসডিজি বাস্তবায়ন আমাদের সরকারের রূপকল্প, এই লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাবার জন্য আপনাদের স্ব স্ব ক্ষেত্রে শিক্ষায় তা বাস্তবায়নে মেধা ও মননের প্রয়োগে আরো এগিয়ে আসতে হবে। বিশ্ববিদ্যালয়ের পরিবারের সকলের সমন্বিত প্রয়াস হবে সবার জন্য কর্মমুখী গণমুখী ও জীবনব্যাপী শিক্ষার কাজ অগ্রগামী করা। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সবাইকে জানাই ঈদ মোবারক।

পরিশেষে পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষ্যে আমার প্রিয় শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, পরিচালনা পর্ষদের সম্মানীয় সদস্যগণ, শিক্ষকবৃন্দ, কর্মকর্তা, কর্মচারী, সুহৃদ সমন্বয়কারী ও টিউটরদের জানাই শুভেচ্ছা ও মোবারকবাদ। বাংলাদেশ দীর্ঘজীবী হোক। দীর্ঘজীবী হোক আমার প্রাণের প্রতিষ্ঠান বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

১৬ এপ্রিল ২০২৩
৩ বৈশাখ ১৪৩০

অধ্যাপক সৈয়দ হুমায়ুন আখতার পিএইচডি
উপাচার্য
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়